
# ডিজিটাল মিডিয়া এথিক্স কোড

তথ্য প্রযুক্তি (মধ্যস্থতাকারী নীতি-নির্দেশিকা এবং ডিজিটাল মিডিয়া এথিক্স কোড) আইন, ২০২১ – এর আওতায়

## প্রায়শই যেসব প্রশ্ন করা হয়



তথ্য ও সম্প্রচার মন্ত্রক

## প্রায়শই যেসব প্রশ্ন করা হয়

### প্রথম পর্ব: মৌলিক তথ্য

**১. তথ্য প্রযুক্তি (মধ্যস্থতাকারী নীতি-নির্দেশিকা এবং ডিজিটাল মিডিয়া এথিক্স কোড) আইন, ২০২১ এর তাৎপর্য কি?**

দেশে গত কয়েক বছর ধরে ডিজিটাল মিডিয়ার প্রসার ঘটেছে। অনলাইন নিউজ পোর্টাল, ওটিটি প্ল্যাটফর্ম প্রভৃতির মতো একাধিক নতুন স্টেকহোল্ডার ইন্টারনেটে অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছে। তাই, এ ধরনের ইন্টারনেট-ভিত্তিক সংস্থাগুলির জন্য এই আইনে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে তোলার কথা বলা হয়েছে। এমনকি, এই আইনের ফলে সাধারণ মানুষের আরও ক্ষমতায়ন ঘটবে। সেই সঙ্গে সম্ভাব্য ক্ষতিকারক অনুষ্ঠান সম্প্রচার নিয়ন্ত্রণ করে শিশুদের সুরক্ষিত করা যাবে। এই আইনের ফলে একদিকে যেমন সাধারণ মানুষের নিজস্ব মত প্রকাশের স্বাধীনতার বিষয়টিকে তুলে ধরা হবে, অন্যদিকে গণ্যমাধ্যম এবং শিল্পীরা তাঁদের মতামত ও দৃষ্টিভঙ্গী প্রকাশে আরও স্বাধীনতা পাবেন। দেশে গণমাধ্যম এবং বিনোদন ক্ষেত্রের দীর্ঘমেয়াদী উন্নয়নের বিষয়টিকেও এই আইন সুনিশ্চিত করবে। অন্যদিকে, ডিজিটাল মিডিয়ায় সংবাদের সঙ্গে যুক্ত কর্মীরা স্বীকৃতি পাবেন এবং তাঁদের সুযোগ-সুবিধা বাড়বে।

**২. কোন বিধিবলে এই আইন প্রণয়ন করা হয়েছে? এই আইন কি সংসদের পেশ করা হবে?**

সংসদে ২০০০ সালের তথ্য প্রযুক্তি আইন পাশ হয়েছে। এই আইনের আওতায় তথ্য প্রযুক্তি বিধি ২০২১ প্রণয়ন করা হয়েছে এবং তা সংসদে পেশ করা হবে।

**৩. ডিজিটাল নিউজ সম্প্রচারক এবং ওটিটি প্ল্যাটফর্মগুলির ক্ষেত্রে কোন দিন থেকে এই আইন কার্যকর হবে?**

এই আইন ২০২১-এর ২৫ ফেব্রুয়ারি থেকেই কার্যকর হয়েছে।


**৪. কোথায় এই আইন সম্পর্কে আমি বিস্তারিত জানতে পারবো?**

মন্ত্রকের ওয়েবসাইট থেকে এই আইন সম্পর্কে বিস্তারিত জানা যাবে। ওয়েবসাইটের লিঙ্ক https://mib.gov.in/digitalmedia/information-tecnology-intermediary-guidelines-and-digital-media-ethics-code-rules-2021

## দ্বিতীয় পর্ব : এই আইনের মৌলিক শর্তাবলী এবং লক্ষ্য

**৫. তথ্য প্রযুক্তি (মধ্যস্থতাকারী নীতি-নির্দেশিকা এবং ডিজিটাল মিডিয়া এথিক্স কোড) আইন, ২০২১ – এর অধীনে কোন ধরনের সংস্থাগুলিকে নিয়ে আসা হয়?**

এই আইন নিউজ ও কারেন্ট অ্যাফেয়ার্স সম্পর্কিত তথ্য সম্প্রচারক, অনলাইন কিউরেটেড কনটেন্ট সম্প্রচারক (ওটিটি প্ল্যাটফর্ম হিসাবে অধিক জনপ্রিয়) এবং মধ্যস্থতাকারীদের জন্য প্রযোজ্য।




**৬. এই আইনগুলি ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রক অথবা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের মাধ্যমে কার্যকর করা হয় কি?**

মধ্যস্থতাকারী সম্পর্কিত আইনের দ্বিতীয় অংশ ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রক কার্যকর করে। ডিজিটাল নিউজ সম্প্রচারক এবং ওটিটি প্ল্যাটফর্ম সম্পর্কিত আইনের তৃতীয় অংশ কার্যকর করে তথ্য ও সম্প্রচার মন্ত্রক।

### ডিজিটাল মিডিয়া এথিক্স কোড

# উপকারিতা ও তার পরিণাম

### সাধারণ মানুষ ও সমাজের ক্ষেত্রে






**৭. ডিজিটাল মিডিয়ায় নিউজ ও কারেন্ট অ্যাফেয়ার্স সম্প্রচারক সংস্থা কারা?**

অনলাইন পত্রিকা, নিউজ পোর্টাল, সংবাদ সংস্থা, নিউজ এজেন্সি প্রভৃতি যারা নিউজ ও কারেন্ট অ্যাফেয়ার্স সম্পর্কিত বিষয় সম্প্রচার করে থাকে। এছাড়াও, অন্যান্য সংস্থা যারা নিউজ ও কারেন্ট অ্যাফেয়ার্স সম্পর্কিত বিষয় সম্প্রচারে একই ধরনের কাজ করে থাকে।

**৮. অনলাইন কিউরেটেড কনটেন্ট বা প্রকৃত তথ্য সম্প্রচারক কারা?**

অনলাইনে প্রকৃত তথ্য বা বিষয় সম্প্রচারক সংস্থাগুলি ওটিটি প্ল্যাটফর্ম হিসাবে অধিক জনপ্রিয়। এ ধরনের সম্প্রচারক সংস্থাগুলির মধ্যে রয়েছে – নেটফ্লিক্স, অ্যামাজন প্রাইম, জি ৫, অল্ট বালাজি প্রভৃতি। এই সম্প্রচারক সংস্থাগুলি বিভিন্ন ধরনের অনুষ্ঠান, চলচ্চিত্র, ওয়েবসিরিজ প্রভৃতি সম্প্রচারে নিজেরাই সিদ্ধান্ত নিয়ে থাকে এবং অনুষ্ঠানগুলি দর্শক-শ্রোতাদের জন্য সম্প্রচার করা হয়।

**৯. অনলাইন কিউরেটেড কনটেন্টের অর্থ কি?**

অনলাইন কিউরেটেড কনটেন্ট হল চলচ্চিত্র, ওয়েবসিরিজের মতো অডিও ভিজুয়াল কনটেন্ট, যা ওটিটি প্ল্যাটফর্মগুলিতে দর্শক-শ্রোতার চাহিদা অনুযায়ী সম্প্রচার করা হয়।

**১০. ইন্টারনেটে কোন ধরনের অনুষ্ঠানকে চাহিদার নিরিখে সম্প্রচার করা যেতে পারে?**

একজন ইন্টারনেট ব্যবহারকারী, একজন গ্রাহক অথবা দর্শক, যিনি সংশ্লিষ্ট অনুষ্ঠানটি দেখার জন্য পছন্দ করেছেন, সেটি চাহিদার ভিত্তিতে পুনরায় দেখানো যেতে পারে।

**১১. সাধারণ ব্যবহারকারী, যাঁরা সাম্প্রতিক বিভিন্ন ঘটনা সম্পর্কে নিজেদের মতামত সহ বিভিন্ন ধরনের কনটেন্ট বা বিষয় পোস্ট করে থাকেন, তাঁদের কি সম্প্রচারক বলা যেতে পারে?**

সাধারণ ব্যবহারকারী, যাঁরা ইন্টারনেটে বিভিন্ন ধরনের কনটেন্ট বাণিজ্যিক উদ্দেশ্যে প্রকাশ করেন না, তাঁদেরকে নিউজ ও কারেন্ট অ্যাফেয়ার্স সম্পর্কিত অনুষ্ঠান সম্প্রচারকের সংজ্ঞায় অন্তর্ভুক্ত করা হয় না।

**১২. কেবল সম্প্রচার সংস্থার ওয়েবসাইটের ক্ষেত্রেই কি এই আইনগুলি প্রযোজ্য?**

সম্প্রচারকদের অনুষ্ঠান সম্প্রচারের বিষয়বস্তুর প্রেক্ষিতে আইনগুলি মেনে চলতে হবে, যদি তা অনলাইন পদ্ধতিতে সম্প্রচারের জন্য ব্যবহার করা হয়।

## পর্ব ৩ : নিউজ এবং কারেন্ট অ্যাফেয়ার্স সম্প্রচারকদের জন্য এথিক্স কোড

### ১৩. ডিজিটাল নিউজ সম্প্রচারকদের জন্য এথিক্স কোড কি?

- প্রেস কাউন্সিল অফ ইন্ডিয়া-র সাংবাদিকতা সম্পর্কিত আচরণবিধি https://presscouncil.nic.in/WriteReadData/Pdf/NORMSTOWZERONEININE.pdf

- কেবল টিলিভিশিন নেটওয়ার্কস (রেগুলেশন) আইন ১৯৯৫-এর ৫ নম্বর ধারার আওতায় প্রোগ্রাম কোড https://www.mid.gov.in/broadcasting/programme-and-advertising-codes

- যে সমস্ত বিষয়বস্তু নির্দিষ্ট সময়ের জন্য আইন অনুযায়ী নিষিদ্ধ হয়েছে, তা কোন ভাবেই প্রকাশ বা সম্প্রচার করা যাবে না।

### ১৪. সংবাদ সম্প্রচারকদের জন্য এথিক্স কোড নতুন নিষেধাজ্ঞা বলবৎ করে কি?

ডিজিটাল নিউজ সম্প্রচারকদের জন্য এথিক্স কোডেও বর্তমানের আইনগুলি মেনে চলার কথা বলা হয়ছে; তবে, নতুন আইন বা নিষেধাজ্ঞা আরোপ করার কথা এথিক্স কোডে বলা নেই। কিছু ক্ষেত্রে নিউজ ওয়েবসাইটগুলি মুদ্রণ এবং টিভি নিউজ মিডিয়ার বিধি-নিষেধ অনুসরণ করে আসছে। তবে, এথিক্স কোডের বিষয়টি ডিজিটাল সংবাদের ক্ষেত্রে সাংবাদিকতার আদর্শমান অনুসরণ করে এবং কেবল টেলিভিশন নেটওয়ার্ক নিয়ন্ত্রণ আইনের (টেলিভিশনের ক্ষেত্রে প্রযোজ্য) মাধ্যমে নিউজ মিডিয়া ইন্ডাস্ট্রিতে এক অনুকূল বাতাবরণ গড়ে তোলে।

## ডিজিটাল মিডিয়া এথিক্স কোড

# সুবিধা ও তার পরিণাম

## ডিজিটাল নিউজ সম্প্রচারকদের জন্য



**দীর্ঘমেয়াদী ভিত্তিতে অগ্রগতি**

**সততা বজায় রেখে নির্ভীক সাংবাদিকতা**

**লেভেল প্লেয়িং ফিল্ড**

**অনলাইন ও অফলাইন নিউজের ক্ষেত্রে অভিন্ন নীতি**




**গণমাধ্যমের স্বাধীনতা**

**সরকারের পক্ষ থেকে আরও বেশি সহযোগিতা**

**বিভ্রান্তিকর তথ্য দেওয়া প্রতিহত করা**

**ডিজিটাল মিডিয়ায় ফেক নিউজ বন্ধ করা**

### অনলাইন কিউরেটেড কনটেন্ট (ওটিটি প্ল্যাটফর্ম) সম্পর্কিত সম্প্রচারকদের জন্য এথিক্স কোড

### ১৫. ওটিটি প্ল্যাটফর্মের ক্ষেত্রে এথিক্স কোড কি?

ওটিটি প্ল্যাটফর্মগুলির জন্য এথিক্স কোডের মধ্যে রয়েছে নিম্নলিখিত বিষয়গুলি:

- নিষিদ্ধ বিষয়বস্তু সম্পর্কিত সাধারণ নীতি অনুসরণ এবং সেই সমস্ত বিষয় যেগুলির জন্য ওটিটি প্ল্যাটফর্মে সাবধনতা ও বিচক্ষণতা অবলম্বন প্রয়োজন।
- বিভিন্ন বয়স ভিত্তিক ক্যাটেগরি অনুয়ায়ী অনুষ্ঠান বা বিষয়বস্তুর শ্রেণী বিন্যাস তথা রেটিং।
- বিষয়বস্তু বা অনুষ্ঠানের শ্রেণীবিন্যস্তকরণ ও বর্ণনা প্রদর্শন।
- শিশুদের জন্য নির্দিষ্ট অনুষ্ঠানের ক্ষেত্রে বয়স ভিত্তিক, অভিভাবকের সম্মতি এবং বয়স যাচাই ব্যবস্থা কার্যকর করা।
- বিশেষ ভাবে সক্ষম ব্যক্তিদের সুবিধার্থে অনুষ্ঠান বা বিষয়বস্তুর মানোন্নয়নের ব্যবস্থা।

## ১৬. এথিক্স কোডের অঙ্গ হিসেবে ওটিটি প্ল্যাটফর্মগুলির কি ধরণের সাধারণ নীতি-নির্দেশিকা মেনে চলা প্রয়োজন?

এথিক্স কোডের অঙ্গ হিসেবে ওটিটি প্ল্যাটফর্মগুলিকে যে সমস্ত সাধারণ নীতি-নির্দেশিকা মেনে চলতে হবে, তার মধ্যে রয়েছে:

• কোন আইনের আওতায় নিষিদ্ধ অথবা কোন আদালতের মাধ্যমে নিষিদ্ধ হওয়া কোন অনুষ্ঠান বা বিষয়বস্তু সম্প্রচার করা যাবে না।

• সার্বভৌমত্ব ও জাতীয় সংহতিকে প্রভাবিত করে এমন অনুষ্ঠান বা বিষয়বস্তু সহ দেশের সুরক্ষার ক্ষেত্রে বিপজ্জনক বা সুরক্ষা বিপন্ন করে এমন অনুষ্ঠান বা বিষয়বস্তু অথবা অন্য দেশের সঙ্গে ভারতের মৈত্রীর সম্পর্কে ক্ষতিসাধন করে বা প্ররোচনা দেয় এমন অনুষ্ঠান বা বিষয়বস্তু সহ  আইন-শৃঙ্খলা বজায় রাখার ক্ষেত্রে বিঘ্ন ঘটায় বা হিংসায় প্ররোচনা দেয় এমন অনুষ্ঠান বা বিষয়বস্তুর প্রভাব বিবেচনায় রাখা প্রয়োজন।

• ভারতের বহুত্ববাদ এবং বহু ধার্মিকতাবাদের বিষয়টিকে বিবেচনায় রেখে অনুষ্ঠান বা বিষয়বস্তু সম্প্রচারের সময় কোন জাতি বা ধর্মীয় গোষ্ঠীর ভাবাবেগে আঘাত না করতে পারে এমন বিষয়গুলিকে বিচক্ষণতার সঙ্গে বিবেচনায় রাখা প্রয়োজন।

## ১৭. অনলাইন কিউরেটেড কনটেন্টের সঙ্গে আরও যে সমস্ত কনটেন্ট প্রদর্শন করা প্রয়োজন সেগুলি কি?

ওটিটি প্ল্যাটফর্মের পক্ষ থেকে প্রতিটি অনুষ্ঠান, ওয়েব সিরিজ বা এধরণের অনুষ্ঠান সম্প্রচারের ক্ষেত্রে বয়স ভিত্তিক কনটেন্ট রেটিং এবং সংশ্লিষ্ট বিষয়বস্তুর বর্ণনা অবশ্যই প্রদর্শিত করতে হবে। প্রয়োজন সাপেক্ষে সম্প্রচারকদের অনুষ্ঠান শুরুর পূর্বে শ্রোতা-দর্শকদের বিচক্ষণতা অবলম্বনের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদর্শিত করতে হবে।

## ১৮. বয়স ভিত্তিক পাঁচস্তরীয় শ্রেণী বিন্যাসের মাপকাঠি ব্যবহারের ভিত্তি কি?  এটি কী ভাবে গ্রাহকদের সাহায্য করে?

আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী বয়স ভিত্তিক শ্রেণী বিভাজনের বিষয়টি স্থির হয়। বয়স ভিত্তিক অনুষ্ঠান সম্প্রচারের উদ্দেশ্য হল, সম্ভাব্য সংবেদনশীল বা ক্ষতিকারক অনুষ্ঠান তথা বিষয়বস্তুর হাত থেকে শিশুদের সুরক্ষা দেওয়া। শিশুদের মানসিকতার বিকাশে শিক্ষা ও গণমাধ্যম যেহেতু গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তাই বয়স ভিত্তিক ৫টি শ্রেণী বিন্যাস সমস্ত শিশুর অভিভাবকদের যথোপযুক্ত সিদ্ধান্ত নিতে সাহায্য করবে, যাতে সেই অনুষ্ঠানটি শিশুকে দেখতে দেওয়া উচিত কিনা, তা তারা স্থির করতে পারেন।

## ১৯. কোন অনলাইন কিউরেটেড অনুষ্ঠান বা বিষয়বস্তুর শ্রেণীবদ্ধকরণের জন্য বিভিন্ন বয়স ভিত্তিক শর্তগুলি কি কি?

অনলাইন কিউরেটেড অনুষ্ঠান বা বিষয়বস্তু নিম্নলিখিত বয়স ভিত্তিক রেটিং ক্যাটাগরি অনুযায়ী শ্রেণীবদ্ধ করা হবে:

| ক্রমিক সংখ্যা | অনুষ্ঠান বা বিষয়বস্তুর ধরণ (যাদের জন্য উপযুক্ত) | শ্রেণীবিন্যাস |
|---|---|---|
| ১ | বয়স নির্বিশেষে পরিবারের সকলের জন্য | ইউ |
| ২ | ৭ বছর বা তার বেশি বয়সীদের জন্য, তবে ৭ বছরের কম বয়সীরাও বাবা-মায়ের সম্মতিতে দেখতে পারে | ইউ/এ ৭+ |
| ৩ | ১৩ বছর বা তার বেশি বয়সীদের জন্য, তবে ১৩ বছরের কম বয়সীরাও বাবা-মায়ের সম্মতিতে দেখতে পারে | ইউ/এ ১৩+ |
| ৪ | ১৬ বছর বা তার বেশি বয়সীদের জন্য, তবে ১৬ বছরের কম বয়সীরাও বাবা-মায়ের সম্মতিতে দেখতে পারে | ইউ/এ ১৬+ |
| ৫ | কেবল প্রাপ্ত বয়স্কদের জন্য | এ |

**২০. ওটিটি প্ল্যাটফর্মগুলিতে কোন সেনসরশিপ রয়েছে কি?**

বর্তমান আইনে কোন সেনসরশিপের সংস্থান নেই। ওটিটি প্ল্যাটফর্মগুলি সম্প্রচারিত অনুষ্ঠান নিজেরাই শ্রেণীবিন্যাস করবে।

**২১. অনুষ্ঠানের শ্রেণীবিন্যাসে কি কি বিষয় বিবেচনায় রাখতে হবে?**

অনুষ্ঠানগুলি নিম্ন লিখিত ভিত্তিতে শ্রেণীবিন্যস্ত করা যেতে পারে - ক) মূল ভাবনা ও সচেতনতা মূলক বার্তা; খ) হিংসা; গ) অশ্লীলতা; ঘ) যৌনতা; ঙ) ভাষা; চ) মাদক ও ওই জাতীয় পদার্থের অপব্যবহার এবং ছ) ভৌতিক। এগুলি সবই আইনের ধারায় উল্লেখ করা হয়েছে।

**২২. অনুষ্ঠান সম্পর্কিত কি ধরণের বিবরণ উল্লেখ করতে হবে?**

অনুষ্ঠানের বর্ণনায় চলচ্চিত্র, ওয়েব সিরিজ প্রভৃতি বিষয়ে বিবরণ উল্লেখ করা যেতে পারে। এই ধরণের বিবরণ অবৈধ বা ক্ষতিকারক বিষয়, অনুকরণীয় আচরণ, অশ্লীলতা, ভাষা, যৌনতা, হিংসা, ভয়, হুমকি, ভৌতিক প্রভৃতি বিষয় সম্পর্কিত হবে।

**২৩. সম্ভাব্য সংবেদনশীল অনুষ্ঠান যাতে শিশুরা না দেখে তা কিভাবে নিশ্চিত করা যেতে পারে?**

ইউ/এ ১৩+ বা তার বেশি বয়সীদের জন্য অনুষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওটিটি প্ল্যাটফর্ম একসেস কন্ট্রোল মেকানিজম ব্যবস্থা, যেখানে পিতা-মাতার সম্মতি প্রয়োজন সেরকম পদ্ধতি কার্যকর করবে। 'এ রেটেড বা সম্পূর্ণ প্রাপ্তবয়স্কদের' জন্য অনুষ্ঠানগুলির ক্ষেত্রে সংশ্লিষ্ট ওটিটি প্ল্যাটফর্ম তার দর্শকদের জন্য বয়স যাচাই ব্যবস্থা কার্যকর করবে।

**২৪. ভারতে ওটিটি শিল্প ক্ষেত্রের বিকাশে কিভাবে বর্তমান আইন সাহায্য করবে?**

বর্তমান আইন দেশে ডিজিটাল মিডিয়া ক্ষেত্রের জন্য এক অনুকূল বাতাবরণ গড়ে তুলতে সাহায্য করবে। এমনকি, একটি স্থিতিশীল প্রাতিষ্ঠানিক ব্যবস্থা বিনিয়োগ আকৃষ্ট করতে, কর্মসংস্থান

সৃষ্টিতে সাহায্য করবে। এমনকি, ওটিটি শিল্পের নির্দিষ্ট কয়েকটি ক্ষেত্রের পাশাপাশি সার্বিক ভাবে অডিও-ভিজুয়াল পরিষেবার অগ্রগতিকে ত্বরান্বিত করবে।

**২৫. প্রস্তাবিত এথিক্স কোড কিভাবে শিল্পের স্বাধীনতা ও সৃজনশীলতার প্রসার ঘটাবে?**

সরকার শিল্প ক্ষেত্রের স্বাধীনতার ব্যাপারে অঙ্গিকারবদ্ধ এবং মতামত প্রকাশের অধিকারকেও সর্বোচ্চ প্রাধান্য দেয়। বর্তমান আইনে ওটিটি প্ল্যাটফর্মের যে কোন অনুষ্ঠানের ক্ষেত্রে নিজেদেরকেই শ্রেণীবিন্যাসের অধিকার দেওয়ার সংস্থান রয়েছে। এমনকি এতে সেন্ট্রাল বোর্ড অফ ফ্লিম সার্টিফিকেশন-এর কোনরকম ভূমিকা থাকবে না। এই প্রেক্ষিতে সার্টিফিকেশন সম্পর্কিত বিস্তারিত নীতি-নির্দেশিকা বর্তমান আইনেই উল্লেখ রয়েছে। তাই, বর্তমান আইনের ফলে শৈল্পিক সৃজনশীলতার প্রকাশে আরও বেশি সুযোগ তৈরি হবে। সেই সঙ্গে বিনোদনমূলক অনুষ্ঠানগুলি আরও গুণমান সমৃদ্ধ হয়ে উঠবে।

**২৬. ওটিটি প্ল্যাটফর্মের জন্য কিভাবে বর্তমান আইন দর্শক-শ্রোতাদের পছন্দ-অপছন্দের বিষয়টিতে প্রাধান্য দেবে?**

বর্তমান আইনে ওটিটি প্ল্যাটফর্মের দর্শক ও গ্রাহকদের আরও বেশি অধিকার রয়েছে। এই আইনে অনুষ্ঠান সম্পর্কিত ক্লাসিফিকেশন সহ রেটিং এবং অনুষ্ঠান সংক্রান্ত বিবরণ প্রদর্শিত করার প্রস্তাব দেওয়া হয়েছে। এর ফলে, দর্শক-শ্রোতারা সজ্ঞানে নিজের পছন্দসই অনুষ্ঠান দেখার জন্য বেছে নিতে পারবেন। নির্দিষ্ট কিছু অনুষ্ঠান দেখার ক্ষেত্রে অ্যাকসেস কন্ট্রোল এবং বয়স যাচাই ব্যবস্থা পিতা-মাতাদেরকেও সাহায্য করবে, যাতে সম্ভাব্য ক্ষতিকারক অনুষ্ঠান দেখানো থেকে শিশুদের বিরত রাখা যায়।

## পর্ব ৫ : অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা

### ২৭. ডিজিটাল মিডিয়ায় অনুষ্ঠান সম্পর্কিত গণঅভিযোগের নিষ্পত্তিতে ত্রিস্তরীয় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা কি ?

গণঅভিযোগের নিষ্পত্তি সময়সীমার মধ্যে করতে হবে। এই লক্ষ্যে আইনে একটি ত্রিস্তরীয় কাঠামো গড়ে তোলা হয়েছে:-

- লেভেল ১ - সম্প্রচারকরা নিজেরাই অনুষ্ঠান নিয়ন্ত্রণ করবে
- লেভেল ২ - সম্প্রচারকদের গঠিত স্বনিয়ন্ত্রণ গোষ্ঠী সেলফ-রেগুলেশনের দায়িত্ব পালন করবে
- লেভেল ৩ - কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে নজরদারি করা হবে

### ২৮. স্বনিয়ন্ত্রণ মূলক ব্যবস্থায় সম্প্রচারকরা কি ধরণের স্বাধীনতা পেয়ে থাকেন? সরকার কি এই ব্যবস্থা নিয়ন্ত্রণ করে?

প্রাতিষ্ঠানিক ব্যবস্থায় স্বনিয়ন্ত্রণের ক্ষেত্রে দুটি পর্যায় রয়েছে - প্রথম পর্যায়ে থাকে সম্প্রচারকরা এবং দ্বিতীয় পর্যায়ে স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীগুলি।সম্প্রচারকরা নিজেদের মধ্য থেকে স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠী গঠন করবে, যার আকার হবে খানিকটা শিল্পের মত। স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীর প্রধান হবেন সুপ্রিমকোর্ট/ হাইকোর্টের একজন অবসরপ্রাপ্ত বিচারপতি অথবা চেয়ারপারসন হিসেবে দায়িত্ব পালন করবেন সংশ্লিষ্ট শিল্প ক্ষেত্রের সঙ্গে যুক্ত একজন বিশিষ্ট ব্যক্তি। স্বনিয়ন্ত্রণমূলক ব্যবস্থায় সরকারের ভূমিকা সামান্য। এক্ষেত্রে সরকার কেবল নজরদারির ভূমিকা পালন করবে। প্রথম দুটি পর্যায়ে কোন বিষয়ের নিষ্পত্তি না হলে অবশেষে তা তৃতীয় পর্যায়ে যাবে।

**২৯. অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে সম্প্রচারকদের (লেভেল ১) ভূমিকা কি হবে ?**

প্রত্যেক সম্প্রচারক একটি অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা গড়ে তুলবে এবং অভিযোগ পাওয়ার পর নির্দিষ্ট সময়সীমার মধ্যে তা নিষ্পত্তির জন্য ভারতে একজন গণঅভিযোগ নিষ্পত্তি আধিকারিক নিয়োগ করবে। সম্প্রচারকের ওয়েবসাইটে উপযুক্ত জায়গায় অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থার বিষয়টি প্রকাশ করতে হবে। এছাড়াও প্রত্যেক সম্প্রচারককে স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীর সদস্য হতে হবে।

**৩০. অভিযোগ পাওয়ার পর সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সম্প্রচারক কত সময় নিতে পারবে ?**

সম্প্রচারক সংস্থা ১৫ দিনের মধ্যে নিজের সিদ্ধান্ত অভিযোগকারীকে জানাবে।

**৩১. সম্প্রচারকের গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে অভিযোগকারী তার দায়ের করা অভিযোগের বিষয়ে আপিল করতে পারবেন কি?**

হ্যাঁ, অভিযোগকারী সম্প্রচারকের গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল বা আবেদন করতে পারবেন। অবশ্য, সংশ্লিষ্ট সম্প্রচারক যে স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীর সদস্য কেবল সেখানেই আবেদন করা যাবে। সম্প্রচারকারীর সিদ্ধান্ত জানার ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট অভিযোগকারীকে পুনরায় আবেদন জানাতে হবে।

**৩২. ১৫ দিনের মধ্যে যদি সংশ্লিষ্ট সম্প্রচারক তার জবাব না দেন, তাহলে কি হবে?**

সংশ্লিষ্ট সম্প্রচারক যদি ১৫ দিনের মধ্যে জবাব না দেয়, তাহলে বিষয়টি সংশ্লিষ্ট সম্প্রচারক যে স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীর সদস্য সেখানে সরাসরি চলে যাবে।

**৩৩. কি ভাবে স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীগুলি গঠিত হবে?**

বর্তমান আইনের ধারা অনুযায়ী সম্প্রচার সংস্থা বা তাদের সংগঠনগুলি স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠী গঠন করতে পারে।

**৩৪. একটি স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীর গঠনগত বৈশিষ্ট্য কেমন হবে?**

স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীর প্রধান হবেন সুপ্রিমকোর্ট বা হাইকোর্টের অবসরপ্রাপ্ত একজন বিচারপতি অথবা গণমাধ্যম, সম্প্রচার, বিনোদন, শিশু অধিকার সুরক্ষা ক্ষেত্রের সঙ্গে যুক্ত একজন বিশিষ্ট ব্যক্তি। এছাড়াও, উপরোক্ত ক্ষেত্রগুলি থেকে সর্বাধিক ৬ জন বিশেষজ্ঞ সদস্য হিসেবে থাকতে পারেন।

**৩৫. ভারতে সমস্ত সম্প্রচারকদের জন্য কেবল একটি স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠী থাকবে কি?**

এরকম একাধিক গোষ্ঠী থাকতে পারে। তবে, একটি সম্প্রচার সংস্থাকে স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীর সদস্য হতে হবে।

**৩৬. স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীর ভূমিকা কি?**

এধরণের একটি স্বনিয়ন্ত্রণ গোষ্ঠী নিম্নলিখিত ভূমিকা পালন করবে :-

- সম্প্রচার সংস্থাগুলি যাতে এথিক্স কোড মেনে চলে তা সুনিশ্চিত করা;
- সম্প্রচার সংস্থা ১৫ দিনের মধ্যে অভিযোগ নিষ্পত্তি না করলে তার সমাধান করা; সম্প্রচার সংস্থার বিরুদ্ধে দাখিল করা অভিযোগগুলির শুনানি গ্রহণ;
- এথিক্স কোড মেনে চলতে সম্প্রচার সংস্থাগুলির জন্য নীতি-নির্দেশিকা বা পরামর্শ জারি করা।

**৩৭. স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীগুলি কি মন্ত্রকের কাছে নথিভুক্ত হবে?**

বর্তমান আইনের ধারা অনুসারে এধরণের গোষ্ঠী গঠিত হলে এবং আইন মোতাবেক যাবতীয় কাজকর্ম সম্পাদনে সম্মত হলে তবেই স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীগুলি মন্ত্রকের কাছে নথিভুক্ত হতে পারবে।

**৩৮. একটি স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠী সম্প্রচার সংস্থাগুলির জন্য কি ধরণের নীতি-নির্দেশিকা ও পরামর্শ জারি করতে পারে?**

- সতর্কতা অবলম্বন, সেনসরিং, উপদেশ দেওয়া বা তিরস্কার করা; অথবা
- সংশ্লিষ্ট সম্প্রচার সংস্থার কাছ থেকে মার্জনা চাওয়া; অথবা
- সংশ্লিষ্ট সম্প্রচার সংস্থাকে ওয়ার্নিং বা সতর্কিকরণ বার্তা দেওয়া অথবা সংস্থার কাছ থেকে ডিসক্লেমার বা দায় পরিহার সম্পর্কিত মতামত চাওয়া; অথবা
- অনলাইন কিউরেটেড অনুষ্ঠানের ক্ষেত্রে সম্প্রচার সংস্থাকে নির্দেশ দেওয়া, যাতে -
    - সংশ্লিষ্ট অনুষ্ঠানের রেটিং পুনর্বিন্যাস করে; অথবা
    - সংশ্লিষ্ট অনুষ্ঠান সম্পর্কিত বিবরণ, বয়সের শ্রেণী বিভাজন এবং অ্যাকসেস কন্ট্রোল ব্যবস্থায় উপযুক্ত সংশোধন করে; অথবা
    - সংশ্লিষ্ট অনুষ্ঠানের বিবরণী সম্পাদনা করে;

**৩৯. স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীর নেওয়া সিদ্ধান্তের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা যেতে পারে?**

হ্যাঁ, স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীর গৃহীত সিদ্ধান্ত জানার ১৫ দিনের মধ্যে এর বিরুদ্ধে আবেদন জানানো যেতে পারে।

**৪০. ত্রিস্তরীয় অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থার আওতায় নজরদারি পদ্ধতি (লেভেল ৩) কেমন হবে?**

তথ্য ও সম্প্রচার মন্ত্রক এবং মন্ত্রকের পক্ষ থেকে গঠিত আন্তঃদপ্তর কমিটি নজরদারি ব্যবস্থা গড়ে তুলবে।

### ৪১. আন্তঃদপ্তর কমিটির গঠনগত বৈশিষ্ট্য কেমন হবে?

মন্ত্রকের মনোনীত একজন আধিকারিক আন্তঃদপ্তর কমিটির প্রধান হবেন। এছাড়াও, কমিটিতে স্বরাষ্ট্র মন্ত্রক, ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রক সহ সংশ্লিষ্ট ক্ষেত্রের বিশেষজ্ঞরা প্রতিনিধি হিসাবে থাকবেন।

### ৪২. আন্তঃদপ্তর কমিটির ভূমিকা কি হবে?

আন্তঃদপ্তর কমিটি লেভেল ১/২ গোষ্ঠীর কাছ থেকে পাওয়া অথবা মন্ত্রকের পক্ষ থেকে পাঠানো অভিযোগগুলির শুনানি গ্রহণ করবে। সেই অনুসারে, আন্তঃদপ্তর কমিটি মন্ত্রককে সুপারিশ দেবে।

### ৪৩. সম্প্রচারক সংস্থাগুলির জবাব ও ব্যাখ্যা আন্তঃদপ্তর কমিটির কাছে পেশ করার সুবিধা থাকবে কি?

আন্তঃদপ্তর কমিটির কাছে পাঠানো বিষয়ে সম্প্রচারক সংস্থাগুলিকে তাদের জবাব ও ব্যাখ্যা কমিটির কাছে পেশ করার সুযোগ দেওয়া হবে।

### ৪৪. অভিযোগ/আবেদনের চূড়ান্ত সমাধান হবে কিভাবে?

আন্তঃদপ্তর কমিটি মন্ত্রককে নিম্নলিখিত বিষয়ে সুপারিশ করবে : -

- সংশ্লিষ্ট সম্প্রচারক সংস্থাকে সতর্কিকরণ বার্তা দেওয়া, সেন্সারিং জারি করা, উপদেশ দেওয়া বা তিরস্কৃত করা; অথবা
- সংশ্লিষ্ট সম্প্রচারক সংস্থার কাছ থেকে মার্জনা চাওয়া; অথবা
- সংশ্লিষ্ট সম্প্রচারক সংস্থাকে ওয়ার্নিং কার্ড দেওয়া অথবা দায় পরিহার সম্পর্কে ব্যাখ্যা চাওয়া; অথবা

• অনলাইন কিউরেটেড অনুষ্ঠানের ক্ষেত্রে একটি সম্প্রচারক সংস্থাকে নির্দেশ দেওয়া হবে –

- সংশ্লিষ্ট অনুষ্ঠানের রেটিং – এর শ্রেণী বিভাজন; অথবা
- সংশ্লিষ্ট অনুষ্ঠানের বিবরণী সংশোধন করা; অথবা
- অনুষ্ঠানের বিবরণী, বয়স যাচাই এবং অভিভাবকের সম্মতি অনুসারে অনুষ্ঠান দেখার ক্ষেত্রে অ্যাক্সেস কন্ট্রোল ব্যবস্থায় যথাযথ সংশোধন করা;
- আইন-শৃঙ্খলা সম্পর্কিত বিধিভঙ্গের প্রেক্ষিতে আন্তঃদপ্তর কমিটিকে ক্ষুব্ধ করে তুলতে পারে এমন অনুষ্ঠান বা বিষয়বস্তু বাতিল বা সংশোধন করা প্রয়োজন;
- কোনও অনুষ্ঠানের ক্ষেত্রে আন্তঃদপ্তর কমিটি যদি মনে করে সংশ্লিষ্ট আইনের ৬৯ক ধারার উপধারা (১)-এ উল্লিখিত বিষয়গুলির সঙ্গে সম্পর্কযুক্ত হয়, তা হলে উপযুক্ত পদক্ষেপ নেওয়ার প্রয়োজনীয়তা রয়েছে বলে সুপারিশ করতে পারে।

## ৪৫. অভিযোগ/আবেদনের চূড়ান্ত সমাধান হবে কিভাবে?

আন্তঃদপ্তর কমিটির সুপারিশগুলি বিবেচনা করে মন্ত্রক সংশ্লিষ্ট সম্প্রচারক সংস্থাকে তা মেনে চলার জন্য উপযুক্ত আদেশ/নির্দেশ জারি করতে পারে।

## ৪৬. কোনও অনুষ্ঠান সরকারের পক্ষ থেকে ব্লক করে দেওয়া কি নতুন ব্যবস্থা?

কোনও অনুষ্ঠান ব্লক করে দেওয়া নতুন ব্যবস্থা নয়। তথ্য প্রযুক্তি আইনের ৬৯এ ধারার আওতায় অনুষ্ঠান ব্লক করে দেওয়ার সংস্থান রয়েছে। ২০০৯ থেকে গত ১১ বছরে ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রকের সচিব এই ব্যবস্থা প্রয়োগ করে এসেছেন। ২০০৯ – এর ইনফরমেশন টেকনোলজি (প্রসিডিওর অ্যান্ড সেফ গার্ড ফর ব্লকিং ফর অ্যাক্সেস অফ ইনফরমেশন বাই পাবলিক) আইনের আওতায় মন্ত্রকের সচিব অনুষ্ঠান ব্লক করার ক্ষেত্রে প্রদেয় ক্ষমতা প্রয়োগ করতে পারেন। তবে, তথ্য প্রযুক্তি (মধ্যস্থতাকারী নীতি-নির্দেশিকা ও ডিজিটাল মিডিয়া এথিক্স

কোড) আইন অনুযায়ী তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব অনুষ্ঠান ব্লক করা সম্পর্কিত সংস্থান পাল্টাতে পারেন৷ কারণ, বর্তমান আইনের তৃতীয় অংশটি তথ্য ও সম্প্রচার মন্ত্রকের মাধ্যমে কার্যকর হয়ে থাকে৷

## ৪৭. কোনও অনুষ্ঠানের ব্লকিং সম্পর্কিত সুরক্ষাকবচ কি?

মহামান্য সুপ্রিম কোর্ট শ্রেয়া সিংহল মামলার রায়ে জানায় যে, তথ্য প্রযুক্তি আইনের ৬৯এ ধারার আওতায় কোনও অনুষ্ঠান ব্লক করার বিধি কার্যকর করার পূর্বে সংশ্লিষ্ট অনুষ্ঠানটিকে ব্লক না করার ক্ষেত্রেও পর্যাপ্ত আইনি রক্ষাকবচ রয়েছে৷ নতুন আইনেও এই রক্ষাকবচগুলি একই রাখা হয়েছে৷ এই রক্ষাকবচগুলির মধ্যে রয়েছে:

- সংবিধানের ১৯(২) ধারায় উল্লিখিত মতপ্রকাশের অধিকার খর্ব ক্ষেত্রে ন্যায়সঙ্গত বিধিনিষেধের প্রেক্ষিতেই কেবলমাত্র সুনির্দিষ্ট কয়েকটি বিষয়ের সাপেক্ষে কোনও অনুষ্ঠানকে ব্লক করা যেতে পারে৷ কোনও অনুষ্ঠান ব্লক করার ক্ষেত্রে সুনির্দিষ্ট যে বিষয়গুলি বিবেচনায় রাখা হয়, তার মধ্যে রয়েছে – ভারতের সার্বভৌমত্ব ও সংহতি বিনষ্টকারী বিষয়, রাষ্ট্রের নিরাপত্তা সম্পর্কিত বিষয়, অন্য রাষ্ট্রের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্কে ক্ষতিসাধনের মতো বিষয় প্রভৃতি৷
- নারী ও শিশু কল্যাণ মন্ত্রক, আইন ও ন্যায়বিচার মন্ত্রক, প্রতিরক্ষা মন্ত্রক, বিদেশ মন্ত্রক এবং অন্যান্য মন্ত্রকের প্রতিনিধি রয়েছেন, এমন কমিটি থেকে সুপারিশ এলে তবেই সংশ্লিষ্ট অনুষ্ঠান ব্লক করা হয়৷
- বর্তমান আইনে সংশ্লিষ্ট সম্প্রচারক সংস্থা আন্তঃদপ্তর কমিটির কাছে উপস্থিত হয়ে নিজেদের জবাব ও ব্যাখ্যা পেশ করার সুযোগ পায়৷ এরপর, এই কমিটি অনুষ্ঠান ব্লক করার প্রয়োজনীয়তা রয়েছে কিনা সে ব্যাপারে সিদ্ধান্ত নেবে৷ কমিটি সবদিক খতিয়ে দেখে প্রয়োজন-সাপেক্ষে অনুষ্ঠানটি ব্লক করার নির্দেশ দেবে৷
- সংশ্লিষ্ট অনুষ্ঠান ব্লক করার পেছনে যে সমস্ত কারণ রয়েছে, তা লিপিবদ্ধ করে রাখতে হবে৷

## ষষ্ঠ পর্ব : অন্যান্য বিষয়

**৪৮. এথিক্স কোড সম্পর্কিত ও অন্যান্য বিষয়ে সম্প্রচারক সংস্থাগুলি কিভাবে মন্ত্রকের সঙ্গে যোগাযোগ ও সমন্বয় বজায় রাখবে এবং মন্ত্রক কিভাবে সম্প্রচারক সংস্থাগুলির সঙ্গে যোগাযোগ ও সমন্বয় বজায় রাখবে?**

সংশ্লিষ্ট সম্প্রচারক মন্ত্রককে তার সংস্থাটি সম্পর্কে বিস্তারিত তথ্য জানাবে।

**৪৯. সম্প্রচারক সংস্থা এবং মধ্যস্থতাকারীদের কি ধরনের বিষয় জনসমক্ষে প্রকাশ করা প্রয়োজন?**

সম্প্রচারক সংস্থা এবং স্বনিয়ন্ত্রণমূলক গোষ্ঠীগুলি প্রাপ্ত যাবতীয় অভাব-অভিযোগ যে পদ্ধতিতে, পদক্ষেপ গ্রহণ করে এবং অভিযোগের জবাব পাঠিয়ে সমাধান করেছে, তা মাসিক-ভিত্তিতে জনসমক্ষে প্রকাশ করবে।

## সপ্তম পর্ব : মন্ত্রকের সঙ্গে যোগাযোগ

**৫০. যে কোনও ব্যাখ্যা বা সন্দেহ দূরীকরণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রকে কার সঙ্গে যোগাযোগ করা যেতে পারে?**

যে কোনও ধরনের সন্দেহ বা ব্যাখ্যার জন্য ই-মেল মারফৎ নিম্নলিখিত আধিকারিকদের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে:

- শ্রী অমরেন্দ্র সিং, উপসচিব (ডিজিটাল মিডিয়া), তথ্য ও সম্প্রচার মন্ত্রক। ই-মেল : amarendra.singh@nic.in
- ক্ষিতিজ আগরওয়াল, সহ-নির্দেশক (ডিজিটাল মিডিয়া), তথ্য ও সম্প্রচার মন্ত্রক। ই-মেল : kshitij.aggarwal@gov.in

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইটে (https://mib.gov.in) এই আইন সম্পর্কিত যাবতীয় বিবরণ দেওয়া রয়েছে।